গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৪.০০০০.০২২.১২.০০১.২০২৬-১২৬

তারিখঃ ১৭ চৈত্র ১৪৩২ / ৩১ মার্চ ২০২৬

**বিষয়ঃ কারা উপ মহাপরিদর্শক সভা ২০২৬ এর কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ০১/০২/২০২৬ তারিখে কারা অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত কারা উপ মহাপরিদর্শক সভা ২০২৬ এর কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য, উক্ত কার্যবিবরণীর আলোকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং এর অগ্রগতি প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। **এ সংক্রান্ত অনুচ্ছেদ ভিত্তিক অগ্রগতি প্রতিবেদন আগামী ২৫/০৪/২০২৬ তারিখ এর মধ্যে ই-মেইল brestab1@prison.gov.bd যোগে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।**

সংযুক্ত: কার্যবিবরণী ০৫ পাতা।

৩১.৩.২০২৬

(আবুল বাশার)
বিজে নং ০২৭৬০১০০২৮১
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১. কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ;
২. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৩. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;
৪. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৫. জেল সুপার, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, নাজিম উদ্দিন রোড ঢাকা;
৬. জেল সুপার, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। **পত্রটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;**
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন (স: দ:), কারা অধিদপ্তর, ঢাকা;
৯. উপ সহকারী কারা মহাপরিদর্শক (অপারেশন), কারা অধিদপ্তর, ঢাকা;
১০. প্রশাসনিক কর্মকর্তা (সকল), বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (সকল)/ডিপ্লোমা নার্স, কারা অধিদপ্তর, ঢাকা;
১১. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
১২. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/কারা উপ মহাপরিদর্শক (সকল) মহোদয়ের সদয় অবগতির জন্য; এবং
১৩. গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

**০১ ফেব্রুয়ারি'২০২৬ তারিখে অনুষ্ঠিত কারা উপ মহাপরিদর্শক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন |
| তারিখ ও সময় | : | ০১ ফেব্রুয়ারি'২০২৬, রোজ রবিবার, সকাল ০৯:০০টা |
| স্থান | : | কারা অধিদপ্তর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

**আলোচ্য-সূচি:**

- সম্মানিত কারা মহাপরিদর্শক এর উদ্বোধনী ভাষণ;
- Emerged Power Distribution এর সাথে MoU স্বাক্ষর;
- কারা উপ-মহাপরিদর্শকগণের বিভাগীয় উপস্থাপনা (ঢাকা-১, ঢাকা-২, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ);
- কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী এর উপস্থাপনা;
- অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন অর্থ) এর উপস্থাপনা;
- অতিরিক্ত কারা মহাপরিদর্শক (অপারেশন ও প্রশিক্ষণ) এর উপস্থাপনা;
- অতিরিক্ত কারা মহাপরিদর্শক (বন্দি ব্যবস্থাপনা ও সংশোধন) এর উপস্থাপনা;
- কারা কল্যাণ ট্রাস্টের সভা;
- সম্মানিত কারা মহাপরিদর্শক এর সমাপনী ভাষণ;

(১) সম্মানিত কারা মহাপরিদর্শক উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শুরু করেন। কারা মহাপরিদর্শক মহোদয়ের নির্দেশিত পয়েন্টগুলো নিম্নে তুলে ধরা হলো:

- প্রতি ০২ (দুই) মাস অন্তর কারা উপ মহাপরিদর্শকগণের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হবে;
- নীতি নির্ধারণী সিদ্ধান্তসমূহ পরবর্তী সভায় অনুমোদিত হতে হবে;
- তথ্য ও ইনফরমেশনের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। যে তথ্য পাওয়ার অধিকারী তাকে ব্যতিত কোন অবস্থাতেই অন্য কাউকে সে তথ্য প্রদান করা যাবে না;
- ডিজিটাল অ্যাটেনডেন্সে ২৪ ঘন্টায় ০১ বার ফিঙ্গারপ্রিন্ট আবশ্যিকভাবে দিতে হবে। কোন কারণে ফিঙ্গারপ্রিন্ট দিতে না পারলে সঙ্গে সঙ্গে ভিডিও কলে আইসিটি সেলের সাথে যোগাযোগ করে সমস্যা সমাধান করে ফিঙ্গারপ্রিন্ট নিশ্চিত করতে হবে;
- ঢাকা সাব জেলে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ডিজিটাল অ্যাটেনডেন্স নিশ্চিত করার জন্য সাব জেলে ডিজিটাল অ্যাটেনডেন্স মেশিন বসানো হবে;
- বন্দিদের আনলকে যথাসময়ে জেলারকে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে এবং কারাভ্যন্তরে ঢোকার পূর্বেই ডিজিটাল অ্যাটেনডেন্সে ফিঙ্গারপ্রিন্ট দিতে হবে। ছুটি বা অন্য কোন কারণে জেলার উপস্থিত থাকতে না পারলে দায়িত্ব পালনকারী কর্মকর্তাকে ফিঙ্গারপ্রিন্ট দিতে হবে। লক ও আনলকে জেলারের উপস্থিতির বিষয়টি বিভাগীয় কারা উপ মহাপরিদর্শক ও সিনিয়র জেল সুপার/জেল সুপারগণ কর্তৃক তদারকি করতে হবে;
- গার্ডিং স্টাফদের প্রেষণাদেশ প্রত্যাহার করে নিয়মিত করতে হবে। কোন কারণে প্রেষণে পদায়নের প্রয়োজন হলে বিভাগীয় কারা উপ মহাপরিদর্শক ও সিনিয়র জেল সুপার/জেল সুপারগণের সুপারিশের আলোকে কারা অধিদপ্তর কর্তৃক উক্ত প্রেষণাদেশ জারি করা হবে;
- খুলনা জেলার আশপাশের জেলা থেকে বন্দিদের খুলনা জেলা কারাগার-২ এ বন্দি স্থানান্তর করতে হবে;
- কারা কর্মকর্তা/কর্মচারীদের বদলি বিল/ভ্রমণ ব্যয় বিল যথাসময়ে প্রদান করতে হবে। এজন্য একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে এবং বিল দাখিলের সিরিয়াল অনুযায়ী বিল প্রদানের ব্যবস্থা করতে হবে। সম্পর্ক বা অন্য কোন কারণে সিরিয়াল ভঙ্গ করা যাবে না। এ খাতের বাজেট যথাসময়ে বরাদ্দ বিষয়ে সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ)-কে বিশেষভাবে তদারকি করতে হবে। কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে সিরিয়াল ভঙ্গ করে টিএ/ডিএ প্রদানের প্রমাণ পাওয়া গেলে বিভাগীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- যে সকল পণ্যের চাহিদা বেশি সে সকল পণ্যের উৎপাদন কারাগারগুলোতে বৃদ্ধি করতে হবে। অপ্রয়োজনীয় পণ্য উৎপাদন বন্ধ করতে হবে;

- কারাগারের পণ্য উৎপাদন কাজে নিয়োজিত বন্দিদের পারিশ্রমিক সন্তোষজনক হারে বৃদ্ধির প্রচেষ্টা চালাতে হবে;
- আশ-পাশের যে সকল কারাগারে বন্দি সংখ্যা ধারণ ক্ষমতার চেয়ে বেশি সে সকল কারাগার হতে নারায়ণগঞ্জ ও মাদারীপুর জেলা কারাগারে স্থানান্তর করতে হবে;
- বিশেষ কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জে একটি নতুন বিল্ডিং তৈরি করে বয়স্ক ও অসুস্থ কারা বন্দিদের রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;
- কারাগারসমূহের প্রেস হতে সরকারি বই ছাপানোর ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নিতে হবে;
- সদ্য সমাপ্ত ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা'২০২৬ এ কারা পণ্যের উৎপাদনে ঘাটতিজনিত কারণে বিক্রয় টার্গেট পূরণ সম্ভব হয়নি (বিক্রয় মাত্র ৭৪লাখের মত)। আগামী ৩১তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা'২০২৭ এ কারা পণ্যের বিক্রয় ১(এক) কোটি ছাড়ানোর টার্গেট নিয়ে পণ্য উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা চালাতে হবে।
- প্রতিটি কারাগারে সৎ ও সাহসি কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে তল্লাশি টিম গঠন করে তল্লাশি কার্যক্রম জোরদার করতে হবে;
- কোন গার্ডিং স্টাফ স্টেশনে ২ (দুই) মাসের অধিক অনুপস্থিত/পলাতক থাকলে বিভাগীয় মামলা করে ০২ (দুই) মাসের মধ্যে চাকরি থেকে বরখাস্ত/অপসারণ করতে হবে;
- বিভাগীয় কোন মামলা পেন্ডিং রাখা যাবে না। দ্রুত সময়ের মধ্যে বিভাগীয় মামলা নিষ্পত্তি করতে হবে। বিজ্ঞ আদালতে মামলা চলমান থাকলে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা যাবে না; এ ধারণা থেকে বের হয়ে আসতে হবে;
- কারা উপ মহাপরিদর্শকগণকে ঘোষণাবিহীন যে কোন সময়ে কারাগার পরিদর্শনে গমণ করতে হবে।

সভাপতি মহোদয় সকলকে ধন্যবান জানিয়ে উদ্বোধনী বক্তব্য শেষ করেন।

২। এ পর্যায়ে কাশিমপুর কারা কমপ্লেক্স এর ছাদে বৈদ্যুতিক সোলার প্যানেল নির্মাণের জন্য কারা অধিদপ্তর ও ইমারজড পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানীর সাথে একটি সমঝোতা স্মারক (MoU)স্বাক্ষরিত হয়।

৩। এ পর্যায়ে উপস্থিত বিভাগীয় কারা উপ মহাপরিদর্শক (পর্যায়ক্রমে), ঢাকা বিভাগ-১, ঢাকা বিভাগ-২, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ কর্তৃক নিজ বিভাগের কারাগারসমূহের এবং কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী কর্তৃক বিভিন্ন বিষয়ে উপস্থাপনা তুলে ধরেন:

৪। কারা উপ মহাপরিদর্শকগণ এবং কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী কর্তৃক উত্থাপিত গুরুত্বপূর্ণ/প্রয়োজনীয় পয়েন্টসমূহের উপর প্রদত্ত মতামত/সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো:

| নং | উত্থাপিত পয়েন্ট | প্রস্তাবনা | মতামত/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | কাশিমপুর কারা কমপ্লেক্সে ওয়াশিং প্ল্যান্ট স্থাপন | ঢাকা বিভাগ-২ এর কারা উপ মহাপরিদর্শক জনাব টিপু সুলতান জানান যে, বন্দিদের কম্বল ধোঁয়ার জন্য কাশিমপুর কারা কমপ্লেক্সে কোন ওয়াশিং প্ল্যান্ট নেই। বন্দিদের ব্যবহৃত কম্বল যথাযথভাবে পরিস্কারের অভাবে চর্মরোগসহ অন্যান্য রোগের প্রাদুর্ভাব দেখা দেয়। এজন্য কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এ একটি ওয়াশিং প্ল্যান্ট স্থাপন করা খুবই প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ হতে একটি ওয়াশিং মেশিন কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এ স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | ঢাকা কেন্দ্রীয় কারাগার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ ও কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| ০২ | সরকারিভাবে সিনিয়র জেল সুপার/জেল সুপার ও জেলারদের ল্যাপটপ সরবরাহ সংক্রান্ত; | ঢাকা বিভাগ-২ এর কারা উপ মহাপরিদর্শক জনাব টিপু সুলতান জানান যে, কারাগারে কর্মরত সিনিয়র জেল সুপার/জেল সুপার ও জেলারদের সরকারিভাবে কোন ল্যাপটপ সরবরাহ করা হয় না। কোন কোন সিনিয়র জেল সুপার/জেল সুপার ও জেলার ব্যক্তিগতভাবে ল্যাপটপ কিনে ব্যবহার করলেও অধিকাংশেরই নেই। ল্যাপটপ না থাকা/ব্যবহার না করার কারণে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক চাহিত প্রয়োজনীয়/ গুরুত্বপূর্ণ তথ্যাবলী তাদের অধীনস্থদের মাধ্যমে প্রেরণ করা হয়। আধুনিক প্রযুক্তির এই যুগে সকল সিনিয়র জেল সুপার/জেল সুপারের ল্যাপটপ থাকা এবং এর ব্যবহার জানা অত্যাবশ্যক। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, কেন্দ্রীয়ভাবে ল্যাপটপ ক্রয় করে সিনিয়র জেল সুপার/জেল সুপারদের সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা অধিদপ্তর (ক্রয় ও সরবরাহ শাখা ও আইসিটি সেল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এ বন্দিদের প্রেরণ না করা; | ঢাকা বিভাগ-২ এর কারা উপ মহাপরিদর্শক জনাব টিপু সুলতান জানান যে, ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ হতে বন্দিদের সাধারণতঃ কাশিমপুর কেন্দ্রীয় কারাগারসমূহে স্থানান্তর করা হয়। কাশিমপুরস্থ কারাগারসমূহে বিশেষ করে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এ ধারণ ক্ষমতার চেয়ে অনেক বেশি বন্দি অবস্থান করছে। তাই এই কারাগারটিতে নতুন করে বন্দিদের স্থানান্তর না করার অনুরোধ জানান। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, কেরাণীগঞ্জে আরো একটি কারাগার নির্মাণ এবং নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলা কারাগারে বন্দি ধারণ ক্ষমতা বৃদ্ধি করে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এর উপর বন্দি চাপ কমানোর বিষয়টি বিবেচনা করা হবে। তবে অস্থায়ী ব্যবস্থা হিসেবে ঢাকা কেন্দ্রীয় কারাগার হতে বন্দিদের কাশিমপুর কেন্দ্রীয় কারাগার এর পরিবর্তে পার্শ্ববর্তী মাদারীপুর, ফরিদপুর ও মুন্সীগঞ্জ জেলা কারাগারে স্থানান্তর করা যেতে পারে। | কারা উপ মহাপরিদর্শক, ঢাকা ১/২ ও কারা অধিদপ্তর (বন্দি ব্যবস্থাপনা শাখা) |
| ০৪ | ভার্চুয়াল কোর্ট চালুকরণ সংক্রান্ত; | ঢাকা বিভাগ ২ এর কারা উপ মহাপরিদর্শক, জনাব টিপু সুলতান জানান যে, কাশিমপুর কেন্দ্রীয় কারাগারসমূহ হতে বিজ্ঞ আদালতে বন্দিদের হাজিরার নিমিত্ত আনা-নেয়ার জন্য ৫/৬ ঘন্টা সময় লেগে যায়। বিজ্ঞ আদালতে বয়োবৃদ্ধ, অসুস্থ ও মহিলা বন্দিদের দুর্ভোগ চরম পর্যায়ে পৌঁছায়। এ সকল বন্দিদের বিজ্ঞ আদালতে ভার্চুয়ালি হাজির করা সম্ভব হলে বন্দিদের দুর্ভোগ লাঘব হওয়ার পাশাপাশি কারাগারের নিরাপত্তা বৃদ্ধি ও সরকারের ব্যয় হ্রাস পাবে। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, বন্দিদের ভার্চুয়ালী বিজ্ঞ আদালতে হাজিরা সংক্রান্তে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং প্রস্তাব অনুযায়ী আইন মন্ত্রণালয়ে কাজ চলমান রয়েছে। | কারা অধিদপ্তর (আইন শাখা) |
| ০৫ | চট্টগ্রামে ০২টি কেন্দ্রীয় কারাগার নির্মাণ | চট্টগ্রাম বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব মোঃ ছগির মিয়া জানান যে, চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের ধারণ ক্ষমতার তিনগুণের বেশি বন্দি অবস্থান করছে। চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের বন্দি জট কমনোর জন্য চট্টগ্রাম উত্তর ও চট্টগ্রাম দক্ষিণ নামে ০২টি কারাগার অর্থাৎ আরো একটি নতুন কারাগার নির্মাণ করা যেতে পারে। | কারা মহাপরদর্শক মহোদয় জানান যে, কারাগারের মাস্টার প্লানে বিষয়টি অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| ০৬ | চট্টগ্রামের খার্তুনগঞ্জে মার্কেট নির্মাণ | চট্টগ্রাম বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব মোঃ ছগীর মিয়া জানান যে, চট্টগ্রামের খার্তুনগঞ্জে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের খালি জায়গায় বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের অর্থায়নে একটি মার্কেট নির্মাণ করা হলে উক্ত জায়গাটি কারাগারের দখলে রাখার পাশাপাশি কারা পরিবার নিরাপত্তা প্রকল্পের আয় বৃদ্ধি পাবে। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, কারা উপ মহাপরিদর্শক (উন্নয়ন) চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের খার্তুনগঞ্জের খালি জায়গায় বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের অর্থায়নে একটি মার্কেট নির্মাণ সংক্রান্তে একটি সার্ভে পরিচালনা করবেন। সার্ভের প্রতিবেদন দাখিলের পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার, কারা উপ মহাপরিদর্শক, চট্টগ্রাম বিভাগ ও কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| ০৭ | কারা অধিদপ্তরের ইঞ্জিনিয়ারিং উইং গঠন | খুলনা বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব মনির আহমেদ জানান যে, কারা বিভাগের বিভিন্ন ছোট-খাটো মেরামত ও সংস্কার কাজ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক করা হয়। গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সম্পাদিত কাজের ব্যয় অত্যাধিক হলেও মানসম্মত নয়। এমতাবস্থায়, কাজের গুণগত মান ও সরকারি অর্থ সাশ্রয়ের লক্ষ্যে বিভিন্ন ছোট-খাটো মেরামত ও সংস্কার কাজ গণপূর্ত অধিদপ্তরের পরিবর্তে কারা অধিদপ্তরের ইঞ্জিনিয়ারিং উইং গঠন করে তা সম্পন্ন করা যেতে পারে। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, ইতোমধ্যে সেনাবাহিনী থেকে লেঃ কর্নেল পদমর্যাদার একজন ইঞ্জিনিয়ারকে কারা অধিদপ্তরে সংযুক্ত করা হয়েছে। উক্ত ইঞ্জিনিয়ারকে কারা অধিদপ্তরের কারা উপ মহাপরিদর্শক (উন্নয়ন) পদে পদায়ন করা হয়েছে। এখন থেকে গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সম্পাদিত বিভিন্ন ছোট-খাটো মেরামত ও সংস্কার কাজগুলো কারা উপ মহাপরিদর্শক (উন্নয়ন) তদারকি করবেন। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | কারারক্ষীদের কেন্দ্রীয়ভাবে নম্বর প্লেট সরবরাহ করা; | খুলনা বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব মনির আহমেদ জানান যে, বর্তমানে নিয়োগে জেলা কোটা নেই। এজন্য বিভাগভিত্তিক এর পরিবর্তে কেন্দ্রীয়ভাবে নতুন নিয়োগপ্রাপ্ত কারারক্ষীদের নম্বর প্লেট সরবরাহ করা প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, এখন হতে নতুন নিয়োগপ্রাপ্ত কারারক্ষীদের নম্বর প্লেট রাজশাহী প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী ও কারা অধিদপ্তর (প্রশিক্ষণ শাখা) |
| ০৯ | একাধিক সার্কুলার সমন্বয়করণ সংক্রান্ত; | বরিশাল বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব অসীম কান্ত পাল জানান যে, প্রয়োজনের প্রেক্ষিতে বিভিন্ন সময়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও কারা অধিদপ্তর হতে পরিপত্র জারি করা হয়েছে। বর্তমানে প্রচলিত পরিপত্রসমূহ অনেক কার্যালয়/ কারাগারে সংরক্ষিত না থাকায় অনেকে অবগত নয়। সুষ্ঠু কারা প্রশাসন পরিচালনার জন্য জারিকৃত পরিপত্রসমূহ সকলের জানা প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, প্রস্তাবনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংক্রান্ত সার্কুলারের তালিকা কারা অধিদপ্তরে প্রেরণ করা হলে যাচাই-বাছাই শেষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। একাধিক সার্কুলার সংক্রান্ত তথ্য এপ্রিল'২০২৬ মাসের মধ্যে কারা অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। | সকল কারাগার, কারা উপ মহাপরিদর্শক (সকল) ও কারা অধিদপ্তর (প্রশাসন শাখা) |
| ১০ | কারাগারের বাইরে বহুতল অফিস ভবন নির্মাণ সংক্রান্ত; | বরিশাল বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব অসীম কান্ত পাল জানান যে, অধিকাংশ কারাগারের সম্মুখভাগের নিচ তলায় দপ্তর এবং ২য় তলায় জেলারের বাসভবন। দপ্তরগুলো ফাইল রাখার এবং কর্মকর্তা/ কর্মচারীদের বসার জায়গা নেই। পৃথক জায়গা জেলারের বাসভবন নির্মাণ করা হলে এবং প্রশাসনিক ভবনগুলো ৩/৪ করা করা অফিসের স্থান সংকুলান সহজ হবে। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, জেলখানার বাইরে অফিস নির্মাণের প্রস্তাবনা ও বাস্তবায়ন করার চেষ্টা করা হবে। প্রতিটি কারাগারে জেলার ও সুপারের ০২টি অফিস থাকতে পারে। একটি কারাগারের অভ্যন্তরীন কার্যাদি সম্পাদনের জন্য এবং অপরটি বাহিরের লোকজনের সাথে অফিসিয়াল কাজ সম্পাদনের জন্য। কারাগারগুলোতে বহুতল অফিস ভবন নির্মাণসহ ০২টি করে দপ্তর স্থাপনের জন্য কারা উপ মহাপরিদর্শক (উন্নয়ন) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | সকল কারাগার ও কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| ১১ | রংপুর কেন্দ্রীয় কারাগারে শতরঞ্জি কারখানা স্থাপন; | রংপুর বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব মোঃ কামাল হোসেন জানান যে, রংপুরের শতরঞ্জির সুনাম বিশ্বব্যাপী। রংপুর কেন্দ্রীয় কারাগারে শতরঞ্জি'র কারখানা স্থাপন করা হলে স্থানীয়ভাবে কারিগরী সহায়তাসহ ভালো সাপোর্ট পাওয়া যাবে। এতে বন্দিদের প্রশিক্ষণের পাশাপাশি সরকারের রাজস্ব বৃদ্ধি পাবে। | কারা মহাপরিদর্শক মহোদয় রংপুর কেন্দ্রীয় কারাগারে শতরঞ্জি'র কারখানা স্থাপনের জন্য আর্থিক সংশ্লেষসহ প্রয়োজনীয় প্রস্তাবনা পাওয়া গেলে সহকারী কারা মহাপরিদর্শক (উৎপাদন) যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সুপারিশমালা উপস্থাপন করবেন। | রংপুর কেন্দ্রীয় কারাগার, কারা উপ মহাপরিদর্শক, রংপুর ও কারা অধিদপ্তর (উৎপাদন শাখা) |
| ১২ | দিনাজপুরে প্রিজন প্লাজা নির্মাণ; | রংপুর বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব মোঃ কামাল হোসেন জানান যে, দিনাজপুর জেলা কারাগারের আওতাধীন ১৭৬টি দোকান রয়েছে। উক্ত দোকানগুলোর ভাড়া যথাযথভাবে আদায় করা সম্ভব হচ্ছে না। এসব দোকান ভেঙ্গে বাংলাদেশ কারা কর্মচারী কল্যাণ ফান্ডের অর্থায়নে প্রিজন প্লাজা নির্মাণ করা হলে প্রকল্পের আয় বৃদ্ধি পাবে। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, দিনাজপুর জেলা কারাগার পরিদর্শনকালীন সরেজমিনে যাচাইপূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | দিনাজপুর জেলা কারাগার, কারা উপ মহাপরিদর্শক, রংপুর কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| ১৩ | প্রিজন স্কুল/কলেজ নির্মাণ | রংপুর বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব মোঃ কামাল হোসেন জানান যে, দিনাজপুর জেলা কারাগারের দু'টি পুকুরের মাঝখানে খালি জায়গা রয়েছে। উক্ত জায়গায় প্রিজন স্কুল/কলেজ নামে শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ করা হলে কারাগারে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানগণ মানসম্মত শিক্ষা গ্রহণ করতে পারবেন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, দিনাজপুর জেলা কারাগার পরিদর্শনকালীন সরেজমিনে যাচাইপূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | দিনাজপুর জেলা কারাগার, বিভাগীয় দপ্তর, রংপুর কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | ডেপুটি জেলারদের বিভাগীয় মামলার তদন্তে অন্তর্ভুক্তকরণ; | রংপুর বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব মোঃ কামাল হোসেন জানান যে, ডেপুটি জেলার হতে পদোন্নতি দিয়ে জেলার পদে পদায়ন করা হয়। নতুন জেলারদের বিভাগীয় মামলাসমূহ তদন্তের কোন অভিজ্ঞতা থাকে না। এজন্য ডেপুটি জেলারগণকে বিভাগীয় মামলার তদন্তে অন্তর্ভুক্ত করা হলে জেলার হিসেবে তাদের দক্ষতা ও অভিজ্ঞতা বৃদ্ধি পাবে। | কারা মহাপরিদর্শক মহোদয় উক্ত প্রস্তাবের সাথে একমত পোষন করেন এবং এতদসংক্রান্ত একটি সার্কুলার জারি করা হবে মর্মে জানান। | কারা অধিদপ্তর (আইন শাখা) |
| ১৫ | বন্দিদের নৈতিক ও ধর্মীয় শিক্ষার প্রসার; | ময়মনসিংহ বিভাগের কারা উপ মহাপরিদর্শক জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম জানান যে, মাদক সংক্রান্ত বন্দির সংখ্যা কারাগারগুলোতে সর্বাধিক। এ সকল বন্দিদের নৈতিক ও চারিত্রিক গুণাবলি বৃদ্ধির জন্য ধর্মীয় শিক্ষক ও মটিভেটর এবং মানসিক রোগের চিকিৎসা প্রদানের নিমিত্ত মনোরোগ বিশেষজ্ঞ নিয়োগসহ পৃথক কারাগারের ব্যবস্থা থাকা প্রয়োজন। | কারা মহাপরিদর্শক জানান যে, কারাগারগুলোতে পূর্ব হতেই ধর্মীয় উপদেষ্টাগণ বন্দিদের ধর্মীয় ও নৈতিক শিক্ষা প্রদান করে আসছেন। সম্প্রতি ঢাকা কেন্দ্রীয় কারাগার ও বিশেষ কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ এবং কাশিমপুরস্থ ০৪টি কেন্দ্রীয় কারাগারে আটক বন্দিদের ধর্মীয় শিক্ষা প্রদানের জন্য ইসলামিক ফাউন্ডেশনের সম্মতি পাওয়া গেছে। নতুন নিয়োগ বিধিতে কারাগারে আটক বন্দিদের সুচিকিৎসার জন্য মনোরোগ বিশেষজ্ঞ সংযোজনের ব্যবস্থা রাখা হবে। | কারা অধিদপ্তর (বন্দি ব্যবস্থাপনা ও কল্যাণ শাখা) |
| ১৬ | প্রশিক্ষণ উপকরণ সংক্রান্ত | কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী জানান যে,<br>ক) প্রশিক্ষণার্থীদের পিটির জন্য Shell, Log, Medicine Ball, Vertical and Horizontal Rope প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা অধিদপ্তর (ক্রয় ও সরবরাহ শাখা) |
| | | খ) অ্যাসল্ট কোস গ্রাউন্ড এর কাজ অসম্পূর্ণ অবস্থায় রয়েছে। ওয়াচ টাওয়ার সহকারে নির্মাণ করা হলে রিক্রুটগন র‍্যাপ্লিং করার সুযোগ লাভ করবে যা তাদের দক্ষতা ও আত্মবিশ্বাস বৃদ্ধি করবে। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, পর্যায়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| | | গ) বুনিয়াদি প্রশিক্ষণ ও রিফ্রেশার কোর্সে সোর্ড ড্রিল অনুশীলনের জন্য পর্যপ্ত সোর্ড নাই | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা অধিদপ্তর (ক্রয় ও সরবরাহ শাখা) |
| | | ঘ) প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকদের জন্য একটি জিমনেশিয়াম প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, পর্যায়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| | | খ) চারতলা ও ছয়তলা ব্যারাকে পানির মোটর ও পানির ট্যাংক স্থাপন করা প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, বর্ণিত বিষয়সমূহে পর্যায়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী ও কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| | | প্যারেড গ্রাউন্ডের পাশে ওয়াশরুম/ টয়লেট স্থাপন করা প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, বর্ণিত বিষয়সমূহে পর্যায়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী ও কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| ১৭ | প্রশিক্ষণার্থীদের বিভিন্ন উপকরণ সংক্রান্ত | কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী জানান যে,<br>ক) রিক্রুটদের প্রশিক্ষণ সংক্রান্ত সকল প্রকার প্রাপ্য উপকরণ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স শুরুর দিন হতেই প্রদান করা প্রয়োজন। যেমন-বুট, কেডস, ট্রাকস্যুট, ক্যাপ, মোজা, পিটি টাউজার ও গেঞ্জি এবং ইউনিফর্ম ইত্যাদি। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, রিক্রুটদের প্রশিক্ষণ সংক্রান্ত সকল প্রকার উপকরণ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স শুরুর দিন হতেই প্রদান যুক্তিযুক্ত। এ বিষয়ে সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | কারা অধিদপ্তর (ক্রয় ও সরবরাহ শাখা) |
| | | খ) রিক্রুটদের জন্য একই সাইজের ট্রাংক সরবরাহ/ একই সাইজের ট্রাংক আনয়নের নির্দেশনা দেয়ার পরেও ব্যত্যয় ঘটে। প্রশিক্ষণ কেন্দ্রে আগমনের পর কেন্দ্রীয়ভাবে তা সরবরাহ করা হলে সকলের মধ্যে সামঞ্জস্যতা থাকবে। | অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন) জানান যে, রিক্রুটগণ ব্যবহার্য মালামাল নিয়ে প্রশিক্ষণ কেন্দ্রে যোগদান করেন। সেক্ষেত্রে রিক্রুটগণকে কারা প্রশিক্ষণ কেন্দ্র থেকে ট্রাংক সরবরাহ করা হলে তাদের ০২টি করে ট্রাংক হয়ে যাবে। এতে স্থান সংকুলানের সমস্যা হতে পারে। এ বিষয়ে চিন্তা-ভাবনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | কারা অধিদপ্তর (ক্রয় ও সরবরাহ শাখা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ) রিক্রুট ব্যারাকে সু-র‍্যাক না থাকায় রিক্রুটরা বারান্দায় সারিবদ্ধভাবে তাদের স্যান্ডেল, কেডস ও বুট রাখে। রিক্রুট ব্যারাকে স্যান্ডেল, কেডস ও বুট রাখার জন্য সু-র‍্যাকের ব্যবস্থা করা প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, রিক্রুট ব্যারাকে স্যান্ডেল, কেডস ও বুট রাখার জন্য সু-র‍্যাকের ব্যবস্থা করা হবে। | কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী ও কারা অধিদপ্তর (ক্রয় ও সরবরাহ/সং-২ শাখা) |
| | | ঘ) প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকদের জন্য বুট মেকার এর ব্যবস্থা রাখা প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকদের জন্য বুট মেকার এর ব্যবস্থা রাখা হবে। | কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী ও কারা অধিদপ্তর (প্রশাসন শাখা) |
| ১৮ | মূল ফটকের নিরাপত্তা ও সৌন্দর্য বৃদ্ধিকরণ | কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী জানান যে, কারা প্রশিক্ষণ কেন্দ্রের নিরাপত্তা নিশ্চিত করার জন্য মানসম্মত মূল ফটক নেই। একটি মানসম্মত মূল ফটক নির্মাণ করা হলে নিরাপত্তা ও সৌন্দর্য বৃদ্ধি পাবে। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, বর্ণিত বিষয়সমূহে পর্যায়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| ১৯ | স্যালুটেশন ও আইপিএফটি সংক্রান্ত | কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী জানান যে, কারা বিভাগের সকল সদস্যের জন্য একই ধরনের স্যালুটেশন এর নীতিমালা প্রবর্তন করা প্রয়োজন। অধিকাংশ সদস্য স্থুল স্বাস্থ্যের অধিকারী। পোশাকধারী কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের জন্য Individual Physical Fitness Test (IPFT) প্রবর্তন করা যেতে পারে। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, প্রশিক্ষকদের ইনসিগনিয়ার প্রদানের বিষয়ে অতিরিক্ত কারা মহাপরিদর্শক (অপারেশন ও ট্রেনিং) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | কারা অধিদপ্তর (প্রশিক্ষণ শাখা) |
| ২০ | অবকাঠামোগত বিচ্যুতি সংক্রান্ত | কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র রাজশাহী জানান যে,<br>ক) কারা প্রশিক্ষণ কেন্দ্রে রিক্রুট ব্যারাক থাকলেও স্টাফ/ প্রশিক্ষকদের জন্য কোন ব্যারাক নেই। একটি স্টাফ ব্যারাক নির্মাণ করা ফলপ্রসু হবে। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, এ বিষয়ে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| | | খ) রিক্রুট ব্যারাকের ওয়াল পেইন্টিং/ ডিস্টেম্বারসহ হাইজিন ওয়াশ করা প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, এ বিষয়ে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| | | গ) রিক্রুট ব্যারাকের ওয়াশরুমের প্যানগুলোতে পানি ফ্ল্যাশ করার ব্যবস্থা নষ্ট হয়ে পড়েছে, সেগুলো ঠিক করা প্রয়োজন | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, এ বিষয়ে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| | | ঘ) রিক্রুট ব্যারাকের নষ্ট পানির লাইন, ট্যাপ, শাওয়ার এবং বেসিন পরিবর্তন করা দরকার। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, এ বিষয়ে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| | | ঙ) রিক্রুট ব্যারাকের সামনের রাস্তায় ম্যানহোলে ঢাকনা নেই এবং ব্যারাকের সেফটি ট্যাংকের ময়লা প্রায়ই ওভার ফ্লো হয়ে বাহিরে ছড়িয়ে পড়ে। ম্যানহোলের ঢাকনা স্থাপন ও সেফটি ট্যাংকের ময়লা ওভার ফ্লো বন্ধ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, এ বিষয়ে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |
| ২১ | ডিআইজি বাংলো সংস্কারকরণ | কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী জানান যে, কারা উপ-মহাপরিদর্শক, রাজশাহীর জন্য নির্ধারিত বাংলোটি ২০২৩ সালে সংস্কার করা হলেও বর্তমানে বাংলোটির ভিতরের দেয়াল জরাজীর্ণ ও স্যাতঁসেঁতে হয়ে পড়েছে। প্রয়োজনে দেয়ালের পুরোনো আস্তরণ ফেলে নতুন আস্তরণ দিয়ে বাড়িটি আশু সংস্কার প্রয়োজন। | কারা মহাপরিদর্শক মহোদয় জানান যে, প্রাক্কলন প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | কারা অধিদপ্তর (উন্নয়ন শাখা) |

৫। এ পর্যায়ে অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন) কর্নেল মোহাম্মদ মোস্তফা কামাল একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। প্রেজেন্টেশনের মূল প্রতিপাদ্য বিষয়গুলো হলো:

✓ কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে পদোন্নতিজনিত সমস্যা নিরসনকল্পে বার্ষিক গোপণীয় অনুবেদন যথাসময়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়;
✓ কারা বিভাগের জনবলের তথ্য ওয়েবসাইটে আবশ্যিকভাবে হালনাগাদ রাখতে হবে;
✓ অপরাধের গুরুত্ব বিবেচনায় বিভাগীয় মামলার সাজা যেন একই রকম হয়; সে দিকে খেয়াল রাখতে হবে;
✓ বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের সদস্য অন্তর্ভূক্তি এবং বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প ও কারা কর্মচারী স্বাস্থ্য নিরাপত্তা স্কিমের বকেয়াসহ সমুদয় চাঁদা যথাসময়ে প্রেরণের বিষয়টি তদারকি করতে হবে;

৬। অতিরিক্ত কারা মহাপরিদর্শক (অপারেশন) কর্নেল মোঃ তানভীর হোসেন একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। প্রেজেন্টেশনের মূল প্রতিপাদ্য বিষয়গুলো হলো:

✓ কারাগার পরিদর্শণকালীন নির্মাণ কাজ পরিদর্শণ করতে হবে;
✓ মাস্টার প্লান ছাড়া কোন স্থাপনা নির্মাণ করা যাবে না;
✓ সিনিয়র জেল সুপার/জেল সুপারগণ সতর্কতার সাথে নির্মাণ ও মেরামত কাজ বুঝে নিবেন;
✓ সীমানা প্রাচীর সংলগ্ন কোন স্থাপনা থাকলে কারা সদর দপ্তরকে অবহিত করতে হবে;
✓ গার্ডিং স্টাফদের ড্রেসকোট ও হেয়ার কাটিং নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;
✓ ডেড কেস টেলিফোনে জানানোর পাশাপাশি আবশ্যিকভাবে যথাসময়ে অফিসিয়াল চ্যানেলে জানাতে হবে;
✓ দুর্ঘটনা কেস টেলিফোনে জানানোর পাশাপাশি আবশ্যিকভাবে যথাসময়ে অফিসিয়াল চ্যানেলে জানাতে হবে;
✓ কারা সদর দপ্তরে সকল রিপোর্ট সিনিয়র জেল সুপার/জেল সুপার/জেলার কর্তৃক অবহিত করতে হবে। কোন গার্ডিং স্টাফ দিয়ে তথ্য/রিপোর্ট পাঠানো যাবে না;
✓ ৩০ এপ্রিল'২০২৬ এর মধ্যে নির্মাণ সংক্রান্ত সকল প্রস্তাব বিভাগীয় কারা উপ মহাপরিদর্শকগণের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৭। অতিরিক্ত কারা মহাপরিদর্শক (বন্দি ব্যবস্থাপনা) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। প্রেজেন্টেশনের মূল প্রতিপাদ্য বিষয়গুলো হলো:

✓ ই-বেইল ও ই-মেইলে প্রাপ্ত জামিননামা কার্যকর করা;
✓ কারাভ্যন্তরে বন্দি, কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণ, পরিচ্ছন্নতা বজায় রাখা এবং স্বাস্থ্যসম্মত পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে **"হাইজেনিক"** কমিটি গঠন;
✓ বিশেষ দিবসসমূহে অচল, অক্ষম, গুরুতর দুরারোগ্য রোগে আক্রান্ত বন্দিদের মুক্তির প্রস্তাব প্রেরণের পূর্বে বিশেষজ্ঞ ডাক্তার সমন্বয়ে গঠিত মেডিকেল বোর্ডের সুপারিশে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রতিস্বাক্ষর গ্রহণের বিষয়টি নিশ্চিত করণ;
✓ এক কারাগার হতে অন্য কারাগারে বন্দি স্থানান্তরকালে কারা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ এবং ভার্চুয়ালি বিজ্ঞ আদালতে হাজিরকরণ। এক্ষেত্রে সমস্যা দেখা দিলে আইন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব আশরাফুল আলমের সেলফোন নম্বর 01552325321 তে যোগাযোগের পরামর্শ;
✓ যথাসময়ে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর কর্তৃক চাহিত ব্রডশিট জবাব ও প্রমাণক প্রেরণ;
✓ ঠিকাদার/সরবরাহকারীকে বিল প্রদানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের সার্কুলার মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন;
✓ কারাগারের ভিতর ও বাহির ক্যান্টিনের ভাড়া গণপূর্ত বিভাগ কর্তৃক নির্ধারণপূর্বক বিদ্যুৎ বিল, গ্যাস বিল ও জমির ভাড়া ক্যান্টিন ফান্ড থেকে পরিশোধ করা;
✓ কারাগারের বাসা-বাড়িতে অনতিবিলম্বে বিদ্যুৎ এর মিটার স্থাপন করা;

৮। এ পর্যায়ে কারা অধিদপ্তর সংলগ্ন (আজহার কলোনী) ও বগুড়া জেলা কারাগারের প্রস্তাবিত প্রিজন প্লাজার ডিজাইন, বালিশ তৈরির কারখানা ও কার্ভার্ড ভ্যান এর ডিজাইন এবং আর্থিক সংশ্লেষ এর উপর প্রেজেন্টেশন প্রদর্শণ করা হয়। কারা মহাপরিদর্শক মহোদয়, বর্ণিত বিষয়সমূহের উপর কারা উপ মহাপরিদর্শকগণের মতামত ০১ সপ্তাহ সময়ের মধ্যে সংগ্রহ করে উপস্থাপনের জন্য সহকারী কারা মহাপরিদর্শক (উৎপাদন) কে দায়িত্ব প্রদান করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় কারা মহাপরিদর্শক মহোদয় সকলকে ধন্যবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০১.৬.২০২৬

(আবুল বাশার)
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
কারা অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য সচিব
কারা উপ মহাপরিদর্শক সভা-২০২৬